মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

# মাসিক বুলেটিন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন সংখ্যাঃ ৩১ বর্ষঃ তৃতীয় ২০০৭

# রাঙ্গামাটিতে বিপুল পরিমাণ মাদক উদ্ধার

রাঙ্গামাটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিডিআর ও কোতয়ালী পুলিশের সমন্বয়ে গঠিত বিশেষ যৌথ টিম গত ১৯ এপ্রিল সন্ধ্যায় রাঙ্গামাটি শহরের আসামবস্তী ও নতুন বস্তী এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ২ হাজার ২০০ লিটার জাওয়া ও ১৬ লিটার চোলাই মদ উদ্ধার করে। অভিযান পরিচালনাকালে মদ তৈরীর দুটি বড় কারখানাও উচ্ছেদ করা হয়। মদ তৈরীর অপরাধে মংচাশিং মারমা (৪৬) নামে একজনকে গ্রেফতার করা হয়। এ বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের রাঙ্গামাটি সার্কেল কোতয়ালী থানায় একটি নিয়মিত মামলা ও একটি সাধারণ ডায়েরী দায়ের করেছেন। এছাড়া তারা শহরের তবলছড়ি আট কাউন্সিল এলাকার সবচেয়ে আলোচিত ও কুখ্যাত ফেন্সিডিল সম্রাজ্ঞী পেয়ারী ভাবীর আস্তানায় ব্যাপক তল্লাশী চালায়। তাছাড়া গত ৯ মে দুপুর ১২ ঘটিকায় রাঙ্গামাটি সার্কেলের একটি বিশেষ টিম গোপন সংবাদের ভিত্তিতে নকল ক্রেতা সেজে কাউখালী থানার ঘাগড়া এলাকা থেকে ৫ কেজি গাঁজাসহ মোঃ নুরুল আলম (৫০) নামে এক ব্যক্তিকে গ্রেফতার করে।

## নিরোধ শিক্ষামূলক কার্যক্রম ও মাদকবিরোধী প্রচারাভিযান

মাদকদ্রব্যের ক্ষতিকর প্রভাব সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও মাদকের বিরুদ্ধে ব্যাপক জনমত গড়ে তোলার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ মাদকবিরোধী প্রচারাভিযানের উপর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পাশাপাশি বিভিন্ন বেসরকারী সংস্থা মাঠ পর্যায়ে নিরোধ শিক্ষামূলক কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০০৭ উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পাশাপাশি বেসরকারি সংস্থাসমূহ ব্যাপক গণসচেতনতামূলক কর্মসূচী হাতে নিয়েছে। অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ এপ্রিল/০৭ মাসে মোট ৫৮০ টি নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের আয়োজন করে। এপ্রিল/০৭ মাসের নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের একটি বিবরণী নিম্নে তুলে ধরা হলো।

১. মাইকিং কর্মসূচী- ৭ টি।
২. ধর্মীয় প্রতিষ্ঠান ভিত্তিক ৫ টি।
৩. মাদকবিরোধী আলোচনা সভা- ৪৯২ টি।
৪. অভিযানকালে গণসচেতনতা কার্যক্রম- ৬৭ টি।
৫. পোস্টার ও লিফলেট বিতরণ কর্মসূচী- ৫ টি।
৬. মাদকবিরোধী ফিল্ম প্রদর্শন- ১ টি।
৭. বিভিন্ন প্রকাশনা প্রদর্শন- ২ টি।

## ঢাকায় ৪২ কেজি গাঁজা উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের একটি বিশেষ টিম গত ১৯ মে ২০০৭ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে চট্টগ্রাম হতে ঢাকাগামী তূর্ণা নিশীতা আন্তঃনগর ট্রেনে অভিযান পরিচালনা করে ৪২ কেজি গাঁজাসহ আন্তঃ জেলা মাদক চোরাকারবারী গ্রুপের সদস্য মোঃ আব্দুল কাদের ও মোঃ মাসুম নামের ২ ব্যক্তিকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত মাদক পাচারকারীগণ আখাউড়া সীমান্ত-বর্তী এলাকা হতে গাঁজা পাচার করে ঢাকা শহরের বিভিন্ন মাদক স্পটে সরবরাহ করতো বলে জানা যায়। এছাড়া ধানমন্ডি সার্কেলের একটি বিশেষ টিম গোপন সংবাদের ভিত্তিতে গত ১৯ এপ্রিল ২০০৭ তারিখে হাজারীবাগস্থ গণকটুলী সিটি সুইপার কলোনীর শুভা রাণী, স্বামী- মরহুম-কোকো এর বসতঘর থেকে ২০০ লিটার জাওয়া ও ৩ লিটার চোলাইমদ এবং বাবুল দাস (৪০), পিতা- মৃত সীতারাম এর বসতঘর থেকে ১০ লিটার চোলাইমদ এবং মিঠু রবি দাস (৪৫), পিতা- রোশন রবি দাসের বসতঘর থেকে মোট ২১০ লিটার জাওয়া উদ্ধার করে।

## মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন রিপোর্ট

এপ্রিল/০৭ মাসে সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে ৩৮৯ জন মাদকাসক্তের চিকিৎসা সেবা প্রদান করা হয়। এর মধ্যে অন্তঃ বিভাগে ১৯২ জন এবং বহিঃ বিভাগে ১৯৭ জন চিকিৎসা সেবা, পরামর্শ ও ফলোআপ সেবা প্রাপ্ত হয়। এপ্রিল/০৭ মাসে নিরাময় কেন্দ্রভিত্তিক চিকিৎসা সেবার বিবরণ নিম্নরূপ

| কেন্দ্রের নাম | অন্তঃ বিভাগ | বহিঃ বিভাগ | মোট | নতুন | পুরাতন |
|---|---|---|---|---|---|
| কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা | ৭২ | ১৬৩ | ২৩৫ | ১২৭ | ১০৮ |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম | ১২ | ১ | ১৩ | ১৩ | - |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খুলনা | - | - | - | - | - |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী | - | - | - | - | - |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, যশোর | - | ৭ | ৭ | ২ | ৫ |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, রাজশাহী | ৪১ | - | ৪১ | ৮ | ৩৩ |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, কুমিল্লা | ৬৭ | ২৬ | ৯৩ | ২৩ | ৭০ |
| মোট | ১৯২ | ১৯৭ | ৩৮৯ | ১৭৩ | ২১৬ |

## *সম্পাদকের কথা*

# প্রিকারসর কেমিক্যালস

প্রিকারসর কেমিক্যালস বলতে এমন সব রাসায়নিক বস্তুকে বুঝায় যেগুলো শিল্প-কারখানায় শিল্প ও বাণিজ্যিক পণ্য উৎপাদনে এবং বিভিন্ন প্রকার মাদকদ্রব্য উৎপাদনে ব্যবহৃত হয়। বাংলাদেশে এসমস্ত প্রিকারসর কেমিক্যালস বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান, যেমন-ঔষধ, টেক্সটাইল ও ডাইং শিল্প, চামড়া শিল্প, প্লাষ্টিক ও এডহেসিভ তৈরীর কারখানা, প্রিন্টিং, পোলট্রি ও হ্যাচারী ফার্মে, গরুর খোরারোগের চিকিৎসায় ব্যবহার করা হয়। অন্যদিকে এসমস্ত কেমিক্যালস ব্যবহার করে মাদক ব্যবসার সাথে জড়িত দুষ্টু চক্র হেরোইন, কোকেন, এমফেটামিনসহ বিভিন্ন মারাত্মক মাদকদ্রব্য উৎপাদন করতে পারে। এ কারণে আন্তর্জাতিকভাবে নিয়ন্ত্রণের লক্ষ্যে ২৩ (তেইশ) প্রকার প্রিকারসর কেমিক্যালস জাতিসংঘের মাদক চোরাচালান বিরোধী ১৯৮৮ সালের কনভেনশনের স্মারণী-১ ও স্মারণী-২ এ তালিকাভূক্ত করা হয়েছে। সে মোতাবেক বাংলাদেশের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর ২০০০ সালের সংশোধনীতে এ পর্যন্ত ২২ (বাইশ) প্রকার প্রিকারসর কেমিক্যালস উক্ত আইনের প্রথম তফসিলে অন্তর্ভূক্ত করে ১৯৯৯ সালে প্রণীত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালার অধীনে লাইসেন্স প্রথা প্রবর্তন এবং উক্ত প্রিকারসর কেমিক্যালস এর উৎপাদন, আমদানী, রপ্তানী, প্রক্রিয়াজাতকরণ, শিল্প কার্যে ব্যবহার, বিতরণ ও বিক্রয় এর উপর আইনগত ও বিধিগত নিয়ন্ত্রণ কার্যকর করা হয়েছে। প্রিকারসর কেমিক্যালস বাংলাদেশে উৎপাদন করা হয়না, এগুলো বিদেশ থেকে আমদানি করা হয়। বিভিন্ন শিল্প কারখানায় এসমস্ত প্রিকারসর কেমিক্যালস ব্যবহৃত হওয়ার কারণে এসমস্ত প্রিকারসর কেমিক্যালস আমদানি নিষিদ্ধ করা সম্ভব নয় বিধায় এগুলো যেন কোন অবৈধ কাজে ব্যবহৃত হতে না পারে সেদিকে সংশ্লিষ্ট সকলকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে।

# রাজবাড়ীতে মাদক ব্যবসায়ীর যাবজ্জীবন কারাদণ্ড

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ফরিদপুর উপ-অঞ্চলের রাজবাড়ী সার্কেল কর্তৃক ৩ জানুয়ারি, ২০০৪ তারিখে গোয়ালন্দঘাট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়েরকৃত মামলা নং-০১ এর আসামী মোঃ সাইমদ্দিন শিকদার, পিতা- মোঃ পরান শিকদার, সাং-বাহিরচর দৌলতদিয়া (শাহাদৎ মেম্বারপাড়া), থানা-গোয়ালন্দ, জেলা-রাজবাড়ীকে গত ২ এপ্রিল, ২০০৭ তারিখে বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত, রাজবাড়ী, যাবজ্জীবন কারাদণ্ড এবং ৫০০০.০০ (পাঁচহাজার) টাকা জরিমানা অনাদায়ে আরো ১ (এক) বছর সশ্রম কারাদণ্ড প্রদান করেন । সাজাপ্রাপ্ত আসামীকে ৩ জানুয়ারি, ২০০৪ তারিখে ২৬ গ্রাম হেরোইন, ৮ এ্যাম্পুল টিডিজেসিক ইনজেকশন এবং ৫০ গ্রাম গাঁজাসহ অধিদপ্তরের রাজবাড়ী সার্কেল গ্রেফতার করে।

### মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক এপ্রিল/০৭ মাসের মামলার পরিসংখ্যানঃ

| ক্র/নং | উপ-অঞ্চলের নাম | দায়েরকৃত মামলার সংখ্যা | আসামীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ৯০ | ৮১ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ৪৭ | ৫৩ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | ৩০ | ৩১ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ২১ | ২০ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | ৫ | ৬ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | ৫ | ৭ |
| ৭ | চট্রগ্রাম-মেট্রো উপ-অঞ্চল | ৪১ | ৩২ |
| ৮ | চট্রগ্রাম উপ-অঞ্চল | ১২ | ১১ |
| ৯ | সিলেট উপ-অঞ্চল | ৪০ | ৩৩ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | ১৪ | ১৫ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | ২৫ | ৩০ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | ৯ | ৭ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | ৪ | ৩ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | ৩ | - |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | ২ | ১ |
| ১৬ | খুলনা উপ-অঞ্চল | ৩১ | ৩৩ |
| ১৭ | যশোর উপ-অঞ্চল | ৩৫ | ৪৯ |
| ১৮ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ১১ | ১১ |
| ১৯ | বরিশাল উপ-অঞ্চল | ৫ | ৬ |
| ২০ | পটুয়াখালী উপ-অঞ্চল | ৪ | ৪ |
| ২১ | রাজশাহী উপ-অঞ্চল | ৬০ | ৭১ |
| ২২ | পাবনা উপ-অঞ্চল | ১৯ | ১৯ |
| ২৩ | বগুড়া উপ-অঞ্চল | ১৯ | ২১ |
| ২৪ | রংপুর উপ-অঞ্চল | ৪০ | ৫৫ |
| ২৫ | দিনাজপুর উপ-অঞ্চল | ২১ | ২৩ |
| ২৬ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | ১২ | ১৮ |
| ২৭ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | ৮ | ৮ |
| ২৮ | চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল | ৯ | ১০ |
| ২৯ | খুলনা গোয়েন্দা অঞ্চল | ৩ | ৩ |
| | সর্বমোটঃ | ৬২৫ | ৬৬১ |

# প্রিকারসর কেমিক্যাল আমদানি সংক্রান্ত মাসিক বিবরণী

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত প্রিকারসর কেমিক্যালস এর আমদানীর বিষয়ে অনুমোদন দিয়ে থাকে। বর্তমান অর্থবছরের শুরু থেকে এপ্রিল/০৭ পর্যন্ত বিভিন্ন প্রিকারসর এর অনুমোদিত বার্ষিক কোটা ও আমদানীর পরিমাণ নিম্নরূপঃ

| প্রিকারসর কেমিক্যালের নাম | আমদানির বার্ষিক কোটার পরিমাণ | জুলাই/০৬ হতে এপ্রিল/০৭ পর্যন্ত আমদানীর পরিমাণ | এপ্রিল/০৭ মাসে আমদানীর পরিমাণ |
|---|---|---|---|
| টলুইন | ৮,৯২৫.৭৯৯ মেঃ টন | ১৪৫৬.৫৭৫ মেঃ টন | ১৫৬.৬২৫ মেঃ টন |
| এসিটিক এনহাইড্রাইড | ১,২৫৬.৯৩৫ মেঃ টন | ২৯৯.১৪৫ মেঃ টন | - |
| এসিটোন | ৪,৪১৬.২৩১ মেঃ টন | ৩৮২.৪০ মেঃ টন | - |
| মিথাইল ইথাইল কিটোন | ৩,০০১.৪১৭ মেঃ টন | ২৪৭.৫৯৮ মেঃ টন | ৩৯.৫১৪ মেঃ টন |
| পটাশিয়াম পারম্যাংগানেট | ১,৭৫৭ মেঃ টন | ১৪৫ মেঃ টন | ৬০ মেঃ টন |

# আলামতভিত্তিক মামলার পরিসংখ্যান

এপ্রিল/০৭ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাঠ পর্যায়ের অপরাধ দমন অভিযান, তল্লাশী, অবৈধ মাদক উদ্ধার ও অপরাধীদের গ্রেফতারে বেশ তৎপর ছিল। এপ্রিল/০৭ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা ৬২৫ টি এবং আসামীর সংখ্যা ৬৬১ জন। মার্চ/০৭ মাসের তুলনায় এপ্রিল/০৭ মাসে মামলার সংখ্যা কমেছে ১০ টি এবং আসামীর সংখ্যা কমেছে ৩৯ জন। তবে, উল্লেখযোগ্য মামলার সংখ্যা ক্রমেই হ্রাস পাচ্ছে। অধিদপ্তরের এপ্রিল/০৭ মাসের আলামতভিত্তিক মামলা,আসামী ও উদ্ধারকৃত মাদকদ্রব্যের বিবরণ নিম্নে তুলে ধরা হলোঃ

| মাদকদ্রব্যের নাম | মামলার সংখ্যা | আসামীর সংখ্যা | মাদকদ্রব্যের পরিমাণ |
|---|---|---|---|
| হেরোইন | ৫৪ | ৬৮ | ১.০৪৬ কেজি |
| গাঁজা | ২৪৫ | ২৬৪ | ৫০২.৭১৩ কেজি |
| গাঁজা গাছ | ১ | ১ | ৩৫২ টি |
| অবৈধ চোলাই মদ | ১৫২ | ১৪৩ | ২০১৬.৪৫ লিটার |
| বিদেশী মদ (বোতল) | ১৬ | ১৪ | ১৯৪ বোতল |
| বিয়ার | ১ | ১ | ৬৫ ক্যান |
| রেক্টিফাইড স্পিরিট | ৬ | ৬ | ১১.৪৪ লিটার |
| ডিনেচার্ড স্পিরিট | ২ | ২ | ৯৬ লিটার |
| ফেন্সিডিল (বোতল) | ১০৭ | ১১৫ | ৩০৫৭ বোতল |
| ফেন্সিডিল (লুজ) | | | ১৩ লিটার |
| তাড়ী (টোডি) | ২১ | ২৪ | ১২৬৮ লিটার |
| পেথিডিন | ৩ | ৬ | ১১৮ এ্যাম্পুল |
| টি.ডি জেসিক ইঞ্জেকশন | ৮ | ৮ | ৭৩ এ্যাম্পুল |
| ডায়াজিপাম | | | ৫৩০ টি |
| ভাং গাছ | ১ | | ১০৫০ টি |
| জাওয়া | ১ | ১ | ২২৯৩২ লিটার |
| এ্যালকোহল | ১ | ২ | ৩ লিটার |
| বনোজেসিক ইঞ্জেকশন | ৬ | ৬ | ২৭ এ্যাম্পুল |
| নগদ অর্থ | | | ৩২৯৯২২ টাকা |
| সি, এন, জি | | | ১ টি |
| মোবাইল সেট | | | ১৩ টি |
| ট্রাক | | | ১ টি |
| মোটর সাইকেল | | | ১ টি |
| মোট | ৬২৫ | ৬৬১ | |

# রাজস্ব আদায়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অঞ্চলভিত্তিক ২০০৬ সালের এপ্রিল মাসের সাথে ২০০৭ সালের এপ্রিল মাসের রাজস্ব আদায়ের তুলনামূলক একটি বিবরণী নিম্নে তুলে ধরা হলো।

| ক্র/নং | অঞ্চলের নাম | এপ্রিল/০৬ | এপ্রিল/০৭ |
|---|---|---|---|
| ১। | ঢাকা অঞ্চল | ৩৭,৯১,৩৮৯ | ৩৬,৪৭,৩৯৩ |
| ২। | চট্টগ্রাম অঞ্চল | ৬১,৩০,৯৬৩ | ৬৩,৭৩,২৫৩ |
| ৩। | খুলনা অঞ্চল | ১,৫০,৮৪,৪৭৯ | ২,৩২,৯৩,২০৩ |
| ৪। | রাজশাহী অঞ্চল | ৩৪,০৯,২১৬ | ৫৯,০৬,১৬০ |
| | মোট | ২,৮৪,১৬,০৪৭ | ৩,৯২,২০,০০৯ |

# আইন-আদালত

এপ্রিল/০৭ মাসে মোট ২৬০ টি মামলা নিস্পত্তি হয়। এর মধ্যে সাজা প্রাপ্ত মামলার সংখ্যা ১৬৮ টি, খালাস প্রাপ্ত মামলার সংখ্যা ৯২ টি। সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা ১৮৭ জন এবং খালাসপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা ১১৫ জন। এপ্রিল/০৭ মাস পর্যন্ত অনিস্পত্তিকৃত মামলার সংখ্যা ৩৪২৬৩ টি। উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক নিস্পত্তিকৃত মামলার বিবরণ নিম্নরূপঃ

| ক্রঃ নং | উপ-অঞ্চলের নাম | সাজাপ্রাপ্ত মামলার সংখ্যা | সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা | এপ্রিল/ ০৭ পর্যন্ত অনিস্পত্তিকৃত মামলা |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ৮৯ | ১০৩ | ৪৫৮২ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ৮ | ৮ | ৩২৩৯ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | ১ | ১ | ২২৬৬ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ২ | ২ | ৬০৩ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | ২ | ২ | ৫৫৬ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | - | - | ৪৫৭ |
| ৭ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | - | - | - |
| ৮ | চট্রগ্রাম মেট্রো উপ-অঞ্চল | ২ | ৩ | ২৮২৮ |
| ৯ | চট্রগ্রাম উপ-অঞ্চল | ৫ | ৫ | ৮৯৪ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | - | - | ৫৫২ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | ১ | ১ | ১৭৬৭ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | - | - | ৫৪৫ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | - | - | ১৫৯ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | - | - | ৯ |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | - | - | ৬০ |
| ১৬ | চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল | ১ | ১ | ৪৫৫ |
| ১৭ | সিলেট উপ-অঞ্চল | ২ | ২ | ২২৯১ |
| ১৮ | খুলনা উপ-অঞ্চল | ১০ | ১১ | ৮২৪ |
| ১৯ | যশোর উপ-অঞ্চল | ৮ | ৮ | ১১৪৪ |
| ২০ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ৬ | ৭ | ৬৪৮ |
| ২১ | খুলনা গোয়েন্দা অঞ্চল | ১ | ১ | ৯৭ |
| ২২ | বরিশাল উপ-অঞ্চল | ২ | ২ | ২৫৯ |
| ২৩ | পটুয়াখালী /উপ-অঞ্চল | ১ | ১ | ৭৭ |
| ২৪ | রাজশাহী উপ-অঞ্চল | ১০ | ১০ | ৩৭৩০ |
| ২৫ | পাবনা উপ-অঞ্চল | ৪ | ৪ | ১৪৪১ |
| ২৬ | বগুড়া উপ-অঞ্চল | ২ | ২ | ১২৭২ |
| ২৭ | রংপুর উপ-অঞ্চল | ২ | ৪ | ১৮৫৯ |
| ২৮ | দিনাজপুর উপ-অঞ্চল | ৭ | ৭ | ১৩৪৬ |
| ২৯ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | ২ | ২ | ৩০৩ |
| | সর্বমোটঃ | ১৬৮ | ১৮৭ | ৩৪২৬৩ |

# ঢাকা গোয়েন্দা অঞ্চল কর্তৃক মাদক উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা গোয়েন্দা অঞ্চলের সদস্যরা গত ৪ এপ্রিল ২০০৭ তারিখে ঢাকাস্থ ৭৭ নং নাজিম উদ্দিন রোডের দিলু মিয়া ওরফে দেলু (৩৭) এর বসতঘর থেকে ১২ এ্যাম্পুল বনোজেসিক ইঞ্জেকশনসহ এবং কাওরান বাজারের ২ নং ভিআইপি মার্কেটের সিড়ির গোড়া থেকে ১০০ গ্রাম গাঁজাসহ রহিমা বেগম (২৫) কে গ্রেফতার করে। গোয়েন্দা সদস্যরা ৫ মে ২০০৭ তারিখে সবুজবাগ থানাধীন ৩ নং মাদারটেক থেকে ২ কেজি গাঁজা এবং গাঁজা বিক্রয়লব্ধ ৪,৬১৫ টাকাসহ মজিবুর রহমান (৩২) নামে তার ভাড়া করা বসতঘর থেকে গ্রেফতার করে। পরবর্তীতে গত ১২ মে ২০০৭ তারিখে গোয়েন্দা সদস্যরা বর্ণিত ২ নং ভিআইপি মার্কেটের পূর্বপাশ্বের রাস্তার উপর থেকে ৩৬০ গ্রাম গাঁজাসহ মোসাম্মদ নাজমা বেগম (২০) কে গ্রেফতার করে।

# জাতীয় পর্যায়ে ২৬ জুন ২০০৭ এর বিস্তারিত কর্মসূচী

জাতিসংঘের সাধারণ পরিষদ পরিষদ ১৯৮৭ সালে তার ৪২তম অধিবেশনে প্রতি বছর ২৬ জুনকে "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" হিসেবে ঘোষণা করেছে। দিবসটি উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর গৃহীত কর্মসূচী নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| ১। | আলোচনা সভা, পুরস্কার বিতরণী অনুষ্ঠান। | ২৬ জুন'০৭ |
| ২। | মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, স্বরাষ্ট্র সচিব, অধিদপ্তরের মহাপরিচালকের বাণী এবং অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে একটি প্রতিবেদন সম্বলিত চারটি বাংলা ও দুইটি ইংরেজী দৈনিক সংবাদপত্রে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ। | ২৬ জুন'০৭ |
| ৩। | ছাত্র-ছাত্রীদের জন্য বাংলাদেশ শিশু একাডেমী প্রাঙ্গণে বেসরকারী সংস্থার সহযোগিতায় চিত্রাংকন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ। | সুবিধাজনক সময়ে। |
| ৪। | স্যুভেনিয়ার প্রকাশ (২০০০ কপি)। | ২৬ জুন'০৭ |
| ৫। | বেতার, টেলিভিশন ও পত্র-পত্রিকায় মাদক বিরোধী প্রচারণা ও আলোচনা অনুষ্ঠান। | ২০-২৬ জুন'০৭ |
| ৬। | কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের উদ্যোগে ও বেসরকারী সংস্থার সহযোগিতায় মাদকাসক্তদের চিকিৎসাসেবা প্রদানের জন্য অস্থায়ী ডিটক্সিফিকেশন ক্যাম্প স্থাপন। | ১১-২৬ জুন'০৭ |
| ৭। | বাংলাদেশ টেলিভিশন সহ অন্যান্য ইলেকট্রনিক্স মিডিয়ায় এবং উপ-আঞ্চলিক কার্যালয় ও বেসরকারী সংস্থার মাধ্যমে সারাদেশে মাদকবিরোধী তথ্যচিত্র প্রদর্শনের ব্যবস্থা। | ২০-২৬ জুন'০৭ |
| ৮। | বিভিন্ন এনজিওর সহযোগিতায় মাদকবিরোধী ব্যানার, ফেস্টুনসহ "মানববন্ধন" কর্মসূচী (জাতীয় জাদুঘর হতে টিএসসি হয়ে শিশু একাডেমী পর্যন্ত)। | ২৫ জুন'০৭ সকাল ৯.০০ ঘটিকা |
| ৯। | বিভিন্ন অঞ্চল ও উপ-আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে সকল জেলায় গণসচেতনতা সৃষ্টির জন্য বিশেষ কর্মসূচী গ্রহণ। | ২০-২৬ জুন'০৭ |
| ১০। | যৌথবাহিনীর সমন্বয়ে মাসব্যাপী মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা | জুন'০৭ |
| ১১। | মাদকবিরোধী নাটক/গম্ভীরার আয়োজন। | ২৫ জুন'০৭ |
| ১২। | এনজিও কর্তৃক গৃহীত নিজস্ব কর্মসূচী। | ২০-২৬ জুন'০৭ |
| ১৩। | মাদকবিরোধী শোগান, এবছরের প্রতিপাদ্য বিষয় ও লোগো সম্বলিত ব্যানার, বোর্ড, ফ্লাগ, পোস্টার ও ফেস্টুন দ্বারা গুরুত্বপূর্ণ সড়কদ্বীপ ও আলোচনা সভার জন্য নির্ধারিত মিলনায়তন ও বহিরাংগন সজ্জিতকরণ। | ২৬ জুন'০৭ |

# অবসর গ্রহণ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জামালপুর উপ-অঞ্চলের উপ-পরিদর্শক জনাব মোঃ খোরশেদ আলম ০১/১২/২০০৬ তারিখে প্রাক অবসর গ্রহণ প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর)-তে গমন করেন। উক্ত ছুটি শেষে জনাব মোঃ খোরশেদ আলম ১/১২/২০০৭ তারিখে সরকারী চাকুরী হতে অবসর গ্রহণ করবেন।

# চট্টগ্রামে ইয়াবা ট্যাবলেটসহ বিভিন্ন মাদক উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চট্টগ্রাম মেট্রোঃ উপ–অঞ্চলের পাঁচলাইশ সার্কেল গত ১৩ মে ২০০৭ তারিখে পাঁচলাইশ থেকে ৩৯০ টি ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। এ ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে মোঃ রফিক নামে একজনের বিরুদ্ধে মামলা দায়ের করে। একই দিনে কোতয়ালী সার্কেল আতর শাহ, খুলশী থেকে ২০০ গ্রাম গাঁজাসহ হাপল দত্ত (৩০), জুবলী রোড, কোতয়ালী থেকে ফেন্সিডিলসহ আলতাফ হোসেন (২৪) কে গ্রেফতার করে। পরবর্তীতে চট্টগ্রাম মেট্রোঃ উপ–অঞ্চলের সদস্যরা ১৭ মে ২০০৭ তারিখে বান্ডেল রোড, কোতয়ালী থেকে ৮০ বোতল ফেন্সিডিল, ৪০ বোতল ফোরেক্স সিরাপ এবং এগুলো পাচারকাজে ব্যবহৃত সিএনজিসহ মোঃ রফিক (৪৩) এবং চাকতাই, বাকলিয়া থেকে ৫০০ টি ইয়াবাসহ মোঃ নুরুল্লাহ (৩৪), ৩৮ বোতল ফোরেক্স সিরাপসহ মোঃ ইলিয়াস (২৬), পশ্চিম ফরিদার পাড়া, চানগাঁও থেকে ১৪০ বোতল ফেন্সিডিল ও ৫০ বোতল ফোরেক্স সিরাপসহ পলাশ পাল (৪০), বহদ্দার হাট মোড়, চানগাঁও থেকে ৩০ বোতল ফেন্সিডিলসহ রনজিৎ পাল (২৮) কে গ্রেফতার করে।

# রাসায়নিক পরীক্ষা সম্পন্ন নমুনার মাসিক প্রতিবেদন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, বিডিআর, কাস্টমস, র‍্যাব ও কোস্টগার্ডসহ সকল আইন প্রয়োগকারী সংস্থার দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলার আলামতের রাসায়নিক পরীক্ষা কার্য সম্পন্ন করা হয়। এপ্রিল/০৭ মাসের রাসায়নিক পরীক্ষার চিত্র নিম্নরূপঃ

| নমুনা প্রেরণকারী সংস্থা | মামলা সংখ্যা | রাসায়নিক পরীক্ষা সম্পন্ন ও রিপোর্ট সরবরাহ | | | পেন্ডিং/স্থগিত |
|---|---|---|---|---|---|
| | | পজিটিভ | নেগেটিভ | মোট | |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৬৭৯ | ৬৭৮ | - | ৬৭৮ | ১ |
| পুলিশ | ৬৬৪ | ৬৫৫ | ৭ | ৬৬২ | ২ |
| বিডিআর | ৯ | ৬ | ৩ | ৯ | - |
| র‍্যাব | ১ | - | ১ | ১ | - |
| সর্বমোট | ১৩৫ | ১৩৩৯ | ১১ | ১৩৫ | ৩ |

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ১, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।
টেলিযোগাযোগ ঃ ৯৩৫৫৮৯৩, ৯৩৫৫৮৯৪, ৮৩১২২৪৯।